

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
অর্থ শাখা



www.doict.gov.bd

আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০১০.২০.০০১.১৭.৯৩

তারিখ: ২৬ কার্তিক ১৪২৭

১১ নভেম্বর ২০২০

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ইনোভেশন কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে স্বীয় দপ্তরের মাঠ পর্যায় হতে নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব বাজেটের অধীন পন্য ও সেবার ব্যবহার (৩২) খাতের উদ্ভাবনী (৩২৫৭১০৫) উপখাত হতে অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান।

নিম্নে বর্ণিত ছক মোতাবেক ইনোভেশন কর্ম-পরিকল্পনার অংশ হিসেবে স্বীয় দপ্তরের মাঠ পর্যায় হতে প্রাপ্ত উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের ব্যয় নির্বাহের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের রাজস্ব বাজেটের প্রধান কার্যালয়ের (১২৮০২০১১১৬৬০১) অধীন পন্য ও সেবার ব্যবহার (৩২) খাতের উদ্ভাবনী (৩২৫৭১০৫) উপখাত হতে প্রত্যেকটি কার্যালয়ের অনুকূলে ডিডিও অথোরাইজেশনের মাধ্যমে অর্থ বরাদ্দ ও মঞ্জুরী প্রদান করা হলো।

এতদসংক্রান্ত ব্যয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের চলতি ২০২০-২১ অর্থ বছরের প্রধান কার্যালয়ের (১২৮০২০১১১৬৬০১) কোডের অধীন পন্য ও সেবার ব্যবহার (৩২) খাতের উদ্ভাবনী (৩২৫৭১০৫) উপখাত হতে ডিডিও অথোরাইজেশনের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ হতে মেটানো হবে।

পন্য ও সেবার ব্যবহার (৩২) খাতের উদ্ভাবনী (১২৮০২০১১১৬৬০১ – ৩২৫৭১০৫) উপখাত হতে বাজেট বিভাজনঃ

ক্রঃনং	আইসিটি অধিদপ্তরের কার্যালয়	মোট বরাদ্দ	উদ্ভাবনী উদ্যোগ/ধারনার নাম
১	জেলা কার্যালয়, রাজশাহী	৩,০০,০০০/-	Online Exam System
২	জেলা কার্যালয়, মৌলভীবাজার	৩,০০,০০০/-	DoICT Online Support Ticketing System
৩	জেলা কার্যালয়, নওগাঁ	৬,০০,০০০/-	নওগাঁ জেলার পর্যটন শিল্প বিকাশে অনলাইন প্ল্যাটফর্ম “টুরিজম ইকোসিস্টেম”।
৪	উপজেলা কার্যালয়, দাউদকান্দি, কুমিল্লা	১,৫০,০০০/-	রকচেইন প্রযুক্তির মাধ্যমে ই-কমার্স ব্যবসায় আসল বা নকল পণ্য সনাক্তকরণ।
৫	উপজেলা কার্যালয়, খনবাড়ি, টাঙ্গাইল	২,০০,০০০/-	গণশুনানি এর ডিজিটাইজেশন।
৬	উপজেলা কার্যালয় যোড়াঘাট, দিনাজপুর	১,৫০,০০০/-	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ইনোভেশন ব্যাংক অ্যান্ড প্রোগ্রেস ট্র্যাকার।

০২। (ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ে The Public Procurement Act, 2006 & The Public Procurement Rules, 2008 সহ যাবতীয় আর্থিক বিধিবিধান ও Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে।

(খ) এ অর্থ ব্যয়ে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী দায়ী হবেন;

(গ) পরবর্তী অডিট নিষ্পত্তির জন্য আবশ্যিকভাবে বিল ভাউচার সংরক্ষণ করতে হবে।

(ঘ) অর্থ প্রয়োজনে অগ্রিম উত্তোলন করা যাবে। অগ্রিম উত্তোলিত অর্থ ৩০/০৬/২০২১ খ্রি. তারিখের মধ্যে সমন্বয় করতে হবে।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

.....জেলা

উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা

.....উপজেলা.....জেলা।

১১-১১-২০২০

এ. বি. এম. আরশাদ হোসেন

মহাপরিচালক

ফোন: +৮৮ ০২-৪১০২৪০৭২

ফ্যাক্স: +৮৮ ০২-৫৫০০৬৮৮২

ইমেইল: dg@doict.gov.bd

বিতরণ :

১) অতিরিক্ত মহাপরিচালক (অতিরিক্ত সচিব), আইসিটি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।

২) জেলা প্রশাসক, জেলা।

৩) উপজেলা নির্বাহী অফিসার,.....উপজেলা.....জেলা।

৪) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,

আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫) অফিস নথি/মাস্টার ফাইল।



১১-১১-২০২০

মোঃ ফিরোজ সরকার

উপ-পরিচালক